PERMANENT MISSION OF BANGLADESH
TO THE UNITED NATIONS
Diplomat Center, 820 2nd Avenue (4th floor), New York, NY10017
Tel: (212) 867-3434 • Fax: (212) 972-4038 • E-mail: bdpmny@gmail.com
Web site: www.un.int/bangladesh

প্রেস রিলিজ

বুয়েনস্ আইরেসে বাংলাদেশ দূতাবাস খোলার বিষয়টি সরকারের সক্রিয় বিবেচনাধীন রয়েছে -পররাষ্ট্রমন্ত্রী ড. এ. কে. আব্দুল মোমেন।

বুয়েনস্ আইরেস্, ২৩ মার্চ ২০১৯:

গতকাল বুয়েনস্ আইরেস মহানগরীর ক্যাস্টেলার হোটেলে 'আর্জেন্টিনা বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (এবিসিসিআই)' আয়োজিত এক সংবর্ধনা সভায় যোগ দেন বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. এ. কে. আব্দুল মোমেন এমপি। বাংলা, স্প্যানিস ও ইংরেজি ভাষার মেলবন্ধনে বহুজাতিক ও বহুভাষিক সংস্কৃতির আবহে এবিসিসিআই আয়োজিত এই সংবর্ধনা অনুষ্ঠান পরিণত হয় বুয়েনস্ আইরেসে বসবাসরত প্রবাসী বাঙালি ও আর্জেন্টিনাবাসীর এক মিলন মেলায়। উদ্বোধনী বক্তব্য রাখেন সংস্থাটির ভাইস প্রেসিডেন্ট মার্গারেট পিকোরা (Margaret Pecora)।

আর্জেন্টিনার রাজধানী বুয়েনস্ আইরেস্ এ বিভিন্ন পেশায় নিয়োজিত প্রায় শতাধিক প্রবাসী বাঙালি পররাষ্ট্রমন্ত্রীসহ বাংলাদেশ ডেলিগেশনের অন্যান্য সদস্যদের কাছে পেয়ে আবহমান বাঙালিয়ানায় উদ্বেলিত হয়। আর্জেন্টিনায় পূর্ণাঙ্গ দূতাবাস খোলার দাবী জানান তারা।

পররাষ্ট্রমন্ত্রী ড. এ. কে. আব্দুল মোমেন অত্যন্ত ধৈর্য্য ও আন্তরিকতা নিয়ে আর্জেন্টিনা প্রবাসী বাঙালিদের বিভিন্ন দাবী-দাওয়ার কথা শোনেন। তিনি বলেন, "বুয়েনস্ আইরেস্ -এ বাংলাদেশ দূতাবাস খোলার বিষয়টি সরকারের সক্রিয় বিবেচনায় রয়েছে। তাছাড়া এখানে একজন অনারারি কনসাল নিয়োগের বিষয়টিও প্রক্রিয়াধীন আছে"।

প্রধানমন্ত্রী শেখ হাসিনার দূরদৃষ্টিসম্পন্ন নেতৃত্বে বাংলাদেশের অদম্য অগ্রযাত্রার কথা পররাষ্ট্রমন্ত্রী উপস্থিত প্রবাসী বাংলাদেশী ও আর্জেন্টিনাবাসীদের সামনে তুলে ধরেন। পররাষ্ট্রমন্ত্রীর বক্তব্যে উঠে আসে বাংলাদেশের বিস্ময়কর আর্থ-সামাজিক অগ্রগতি; জিডিপি'র অব্যাহত প্রবৃদ্ধি; বিনিয়োগ বান্ধব পরিবেশ; সবধরণের অবকাঠামোগত সুবিধা সম্বলিত একশটি বিশেষায়িত শিল্পাঞ্চল গঠন; বিদ্যুৎ ও জ্বালানীর পর্যাপ্ততা; আইনের শাসন প্রতিষ্ঠা; ওয়ান স্টপ সার্ভিস; দেশের উন্নয়নে প্রবাসীদের সম্পৃক্ত করতে প্রধানমন্ত্রীর কার্যালয়ের তত্বাবধানে টাক্স ফোর্স গঠন; প্রবাসী দিবস পালন সহ প্রবাসীদের কল্যাণে গৃহীত নানা পদক্ষেপের কথা।

বাংলাদেশের সাশ্রয়ী শ্রম বাজার, দ্রুত সময়ে দক্ষতা অর্জনে সক্ষম জনশক্তি, সাশ্রয়ী জ্বালানী খরচ, বিনিয়োগকৃত মূলধন প্রত্যাবাসনের সুযোগ এবং বিনিয়োগের উচ্চ লাভের কথাও তুলে ধরেন পররাষ্ট্রমন্ত্রী। বাংলাদেশে এসে এসকল উন্নয়ন বাস্তবতা নিজ চোখে দেখার জন্যও তিনি উপস্থিত আর্জেন্টিনার নাগরিক ও প্রবাসী বাংলাদেশীদের প্রতি আহ্বান জানান। বিদেশের দূতাবাসমূহে প্রবাসী বাংলাদেশীদের সর্বোচ্চ সুবিধা নিশ্চিত করতে হটলাইন খোলা এবং বাংলাদেশে আগমন ও অবস্থানকালে প্রয়োজনীয় ও কাঙ্খিত সেবা প্রদানে সরকারের কার্যকর ব্যবস্থা গ্রহণের কথা উল্লেখ করেন পররাষ্ট্রমন্ত্রী।

নিজের ব্যক্তিগত অভিজ্ঞতার উদাহরণ টেনে তিনি বলেন, "আমি দীর্ঘ ৩৮ বছর প্রবাসে থেকেছি। আমি আপনাদেরই প্রতিনিধি। একজন প্রবাসী বাংলাদেশীকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর মন্ত্রীসভার পররাষ্ট্রমন্ত্রীর দায়িত্ব দিয়েছেন। প্রবাসীদের প্রতি প্রধানমন্ত্রীর ভালোবাসার এর থেকে বড় উদাহরণ আর কী হতে পারে"।

অর্জিত অভিজ্ঞতা, শিক্ষা ও জ্ঞান ব্যবহার করে চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলায় বাংলাদেশের পাশে দাঁড়ানোর জন্য প্রবাসীদের প্রতি আহ্বান জানান পররাষ্ট্রমন্ত্রী।

বুয়েন্স আইরেস্ এ অনুষ্ঠিত জাতিসংঘের দক্ষিণ-দক্ষিণ সহযোগিতা বিষয়ক ২য় উচ্চ পর্যায়ের সম্মেলন (বাপা+৪০) -এ বাংলাদেশের সফল অংশগ্রহণ এবং আর্জেন্টিনায় আগমনের ভিসা সুবিধা বৃদ্ধি করতে আর্জেন্টিনার সংশ্লিষ্ট প্রতিনিধির সাথে ফলপ্রসূ বৈঠকের কথা উল্লেখ করেন তিনি।

পররাষ্ট্রমন্ত্রী আর্জেন্টিনার নাগরিকদের বাংলাদেশের বন্ধু উল্লেখ করে ‘ফ্রেন্ডস্ অব লিবারেশন ওয়ার অনার’ অ্যাওয়ার্ড প্রাপ্ত আর্জেন্টিনার লেখিকা ভিক্টোরিয়া ওকাম্পো (Victoria Ocampo) ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধের সময় যেভাবে বাংলাদেশের পাশে দাঁড়িয়েছিলেন তা স্মরণ করেন।

বক্তব্যকালে জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত মাসুদ বিন মোমেন ‘অর্থনৈতিক কূটনীতি’ ও প্রবাসী বাংলাদেশীদের নিয়ে ‘ডায়াসপোরা কূটনীতি’র বিভিন্ন ইতিবাচক দিক তুলে ধরার পাশাপাশি দক্ষিণ-দক্ষিণ সহযোগিতার আওতায় আগামী দিনগুলোতে দক্ষিণের দেশ আর্জেন্টিনার সাথে বাংলাদেশের সম্পর্ক আরও ইতিবাচক হবে মর্মে তাঁর প্রত্যাশার কথা জানান।

এবিসিসিআই এর সভাপতি বুয়েনস্ আইরেস্ প্রবাসী বাংলাদেশি ব্যবসায়ী তালুকদার আলীম আল রাজী তাঁর বক্তব্যে বাংলাদেশী সংস্কৃতি ও পণ্যের প্রসারে আর্জেন্টিনায় নানা ধরণের মেলায় আয়োজনের কথা উল্লেখ করেন। ২৩ এপ্রিল থেকে ১৩ মে তারা বুয়েনস্ আইরেস্-এ আন্তর্জাতিক বই মেলার আয়োজন করছে যেখানে বাংলাদেশের বিভিন্ন প্রকাশণী যোগ দিবে মর্মেও জানান তিনি। তালুকদার আলীম বন্ধুপ্রতীম আর্জেন্টিনাবাসীর প্রশংসা করে বলেন আর্জেন্টিনার জাতীয় সংসদ এখানে বসবাসরত বাঙালিদের জন্য একটি সংসদীয় গ্রুপ গঠন করেছে। আর্জেন্টিনা ও বাংলাদেশের দ্বি-পাক্ষিক সম্পর্ক উন্নয়ন, ব্যবসা-বাণিজ্যের প্রসার, বাংলাদেশের দক্ষ কর্মীদের জন্য আর্জেন্টিনায় নতুন নতুন কর্মক্ষেত্রের সম্ভাবনা, ফুটবল ও ক্রিকেটে পারস্পরিক অভিজ্ঞতা বিনিময় এবং বাংলাদেশে বিনিয়োগ সংক্রান্ত বিষয়ে তথ্যভিত্তিক বক্তব্য রাখেন এবিসিসিআই এর সভাপতি।

অনুষ্ঠানটিতে বাংলাদেশের উন্নয়ন অগ্রযাত্রা ও প্রবাসীদেরকে বিনিয়োগে আকর্ষণ করা সংক্রান্ত দুটি ভিডিওচিত্র প্রদর্শণ করা হয়। এ অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন, অর্থনৈতিক সম্পর্ক বিভাগের অতিরিক্ত সচিব মিজ্ সুলতানা আফরোজ এবং বাংলাদেশ দুতাবাস ওয়াশিংটন ডিসি’র ডেপুটি চীফ অব মিশন মাহবুব হাসান সালেহ।

এর আগে পররাষ্ট্রমন্ত্রী বাপা+৪০ এর সমাপনী অনুষ্ঠানে যোগ দেন। এদিন নয়াদিল্লিতে আর্জেন্টিনার মনোনয়নপ্রাপ্ত রাষ্ট্রদূত বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রীর সাথে সাক্ষাৎ করেন।

আর্জেন্টিনা ত্যাগের প্রাক্কালে আজ পররাষ্ট্র মন্ত্রী বুয়েনস্ আইরেসে বসবাসরত সিলেটবাসীর সাথেও সাক্ষাৎ করেন।

***